

তারকেশ্বর ডিগ্রি কলেজ

তারকেশ্বর, হুগলী

SEM-IV, 2019 (CBCS) পরীক্ষার্থীদের মার্কসীট (হার্ড কপি) প্রদান সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল SEM-IV পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী বুধবার অর্থাৎ ২৩/০২/২০২১ থেকে ০৫/৩/২০২১ তারিখের মধ্যে (২৪/২/২১ - বুধবার ও ২৭/২/২১ - শনিবার বাদে) নিচের সূচী অনুযায়ী কলেজের অনার্স বিল্ডিং থেকে SEM-IV, 2020 এর সংশ্লিষ্ট মার্কসীট (হার্ডকপি) সকাল ১১ টা থেকে দুপুর ২টা পর্যন্ত দেওয়া হবে। কলেজে এসেই অনার্স বিল্ডিং-এর কোথা থেকে দেওয়া হবে তা জানা যাবে। ঐ সময়ে আর অন্য কোনো সেমিস্টারের মার্কসীট দেওয়া হবে না ৫/৩/২০২১ তারিখ পর্যন্ত।

মার্কসীট নেবার সময় করণীয়:- ১) সেম-IV, ২০২০ এর পরীক্ষার অরিজিনাল অ্যাডমিট কার্ড সঙ্গে করে অবশ্যই আনতে হবে। না হলে কোনমতেই মার্কসীট দেওয়া হবে না। যে তারিখে যে রোল নং ও ক্যাটাগরি দেওয়া হলো সেদিন ছাড়া অন্যদিন তাদের রেজাল্ট দেওয়া হবে না।

তারিখ	বার	ক্যাটাগরি	রোল নং
২৩/২/২০২১	মঙ্গলবার	BSH, BSP, BCH, BCP	সমস্ত
২৫/২/২০২১	বৃহস্পতিবার	BAP BACK	সমস্ত
২৬/২/২০২১	শুক্রবার	BAH	সমস্ত
০১/৩/২০২১	সোমবার	BAP REGULAR	ROLL- 180441510001- 371
০২/৩/২০২১	মঙ্গলবার	BSH, BSP, BCH, BCP	সমস্ত
০৩/৩/২০২১	বুধবার	BAP REGULAR	ROLL- 180441510373- 723
০৪/৩/২০২১	বৃহস্পতিবার	BAP BACK	সমস্ত
০৫/৩/২০২১	শুক্রবার	BAP REGULAR	ROLL- 180441510724- 973

কোভিডের কারণে বিধিনিষেধ :-

করোনার কারণে কলেজে আসা সরকারের বারণ আছে। কিন্তু খুব প্রয়োজনের কারণে আসতে হলে অবশ্যই নিচের নিয়মগুলি মানতে হবে। না হলে কলেজে আসা ও প্রবেশ অনুমোদনযোগ্য নয়।

১) সবসময় মাস্ক পড়ে থাকতে হবে।

২) হ্যান্ড স্যানিটাইজার সঙ্গে করে আনতে হবে।

৩) ভিড় এড়াতে হবে আর ভিড় বাড়ালে চলবে না। সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে; কাজ শেষ হলেই অন্যকে জায়গা করে সুযোগ করে দিতে হবে। কাজ মিটে গেলেই কলেজে থাকা চলবে না।

৪) কাউন্টার ফাঁকা রাখতে হবে। কাউন্টারের সামনে জড়ো হলে চলবে না। যার সময় সেই শুধু কাউন্টারের সামনে দাঁড়াবে। বাকিদের পেছনে এক হাত (সম) দূরত্বে লাইন দিয়ে সুস্থভাবে দাঁড়াতে হবে।

৫) কাউন্টারের সামনে অবশ্যই মাস্ক পড়ে থাকতে হবে। মাস্ক ছাড়া কাউকে রেজাল্ট দেওয়া হবে না। রুমাল বা অন্যকিছু মাস্ক হিসাবে ব্যবহার করলে চলবে না। শুধু মাস্কই গ্রাহ্য হবে। না থাকলে “দিয়ে দিন না” বা “অনেক দূর থেকে এসেছি” এসব কথা কোনোভাবেই শোনা হবে না।

৬) সময় নিয়ে কলেজে আসতে হবে। তাড়াহুড়ো করলে হবে না। প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহযোগিতা একান্তভাবে কাম্য। নিজেদের সাবধানতাই এই সংক্রমণ থেকে সমাজ ও নিজেকে রক্ষা করতে পারে।

তারিখ- 20/02/2021



অধ্যক্ষ

ডঃ অমল কান্ত হাটী

Principal

Tarakeswar Degree College
P.O.-Tarakeswar, Dist.-Hooghly

